**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 03-10-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**BIJAYA DASHAMI :**

বিজয়া দশমীতে প্রতিমা নিরঞ্জনের মধ্যে দুয়ে গতকাল রাজ্যেও শেষ হল পাঁচ দিন ব্যাপি শারদীয়া দুর্গোৎসব। গতকাল প্রায় সারাদিনই ছিল দুর্যোগপূর্ণ আবহাওয়া। থেমে থেমে বৃষ্টিও হয়। এতে উৎসবের আনন্দে কিছুটা ভাঁটা পড়ে। গতকাল দশমীতে  সাধারণত বাড়ির পূজোর প্রতিমা নিরঞ্জন করা হয়। প্রথা অনুযায়ী আগরতলার সুপ্রাচীন প্রভূ বাড়ি এবং রাজপরিবারের দুর্গোৎসব দূর্গাবাড়ির  প্রতিমা নিরঞ্জন হয় আগরতলার  দশমীঘাটে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার বাড়ির পারিবারিক পূজোর প্রতিমাও নিরঞ্জন করা হয় দশমী ঘাটে। এখানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাসহ তাঁর পরিবারের সদস্যগন উপস্থিত ছিলেন। এছাড়া বহু বারোয়ারি পূজার প্রতি মাও নিরঞ্জন করা হয়।

রাজ্য পুলিশের পক্ষ থেকে জানানো হয়, আজ ভোর পর্যন্ত সারা রাজ্যে ৯৪৪ টি প্রতিমা নিরঞ্জন করা হয়। এর মধ্যে আগরতলার দশমীঘাটসহ শহরের বিভিন্ন ঘাটে ৩৭২ টি প্রতিমা নিরঞ্জন করা হয়। নিরঞ্জনপর্ব ছিল শান্তিপূর্ণ। এবছর সারা রাজ্যে প্রায় তিনি হাজার পূজোর আয়োজন করা হয়।

**************************

**Pratima Niranjan :**

আগরতলায় দশমীঘাটে গতকাল গভীর রাত পর্যন্ত প্রতিমা নিরঞ্জন হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, শান্তিপূর্ণভাবে পুলিশ, টি.এস.আর. -এর উপস্থিতিতে রাজ্যের প্রায় ৮৫ জায়গায় প্রতিমা নিরঞ্জন হয়েছে। রাজ্যে এই বছর ২ হাজার ৯৮৩ টি দুর্গাপূজার আয়োজন করা হয়। গতকাল রাত পর্যন্ত ৮৭৯ টি পুজো মন্ডপের প্রতিমা নিরঞ্জন হয়েছে। সবচেয়ে বেশি পশ্চিম ত্রিপুরায় ৩৭১ টি মন্ডপের প্রতিমা নিরঞ্জন হয়েছে। এছাড়া, উত্তর ত্রিপুরায় ১৬0 টি, উনকোটিতে ৫৯ টি, ধলাই জেলায় ৫৭ টি, খোয়াইতে ৭৭ টি, সিপাহিজলায় ৭১ টি, গোমতীতে ৩৬ টি এবং দক্ষিণ ত্রিপুরায় ৪৮ টি প্রতিমা নিরঞ্জন হয়েছে। এদিকে, দশমীঘাটে প্রতিমা নিরঞ্জনের সময় উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

*******************************

**Power Situation :**

শারদ উৎসবে রাজ্যে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। গতকাল দশমীর সন্ধ্যায় রাজ্যে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ছিল ২৪৭ দশমিক ৪ মেগাওয়াট। ষষ্ঠীর সন্ধ্যায় বিদ্যুতের চাহিদা ছিল ৩২৩ দশমিক ৫ মেগাওয়াট, সপ্তমীর সন্ধ্যায় ছিল ৩৪৩ দশমিক ৯ মেগাওয়াট। অষ্টমীর সন্ধ্যায় ছিল ৩৬৩ মেগাওয়াট। নবমীর সন্ধ্যায় ছিল ২৯৫ দশমিক ১ মেগাওয়াট। বিদ্যুৎ নিগম সুত্রে এখবর জানা গেছে।

******************

**Ravana's Effigy :**

আগরতলার বাধারঘাটে ওএনজিসি ওয়েলফেয়ার সোসাইটির পক্ষ থেকে গতকাল সন্ধ্যায় দশেরা উৎসবের আয়োজন করা হয়। এখানে অশুভর প্রতীক হিসেবে রাবনের বিশাল প্রতিকৃতি পোড়ানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সস্ত্রীক রাজ্যের মুখ্যসচিব জিতেন্দ্র কুমার সিনহা, ও.এন.জি.সি. ত্রিপুরা এসেটের আধিকারিকগন, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার জ্যেষ্ঠকন্যা ও জামাতা, রাজ্য পুলিশের কয়েকজন আধিকারিক। দূর্যোগপূর্ন আবহাওয়া সত্বেও প্রচুর লোক সমাগম হয় উৎসবে।

*********************************

**India and China agree to resume:**

ভারত ও চীন অক্টোবরের শেষের দিকে উভয় দেশের নির্দিষ্ট স্থানগুলিতে সরাসরি বিমান পরিষেবা পুনরায় চালু করতে সম্মত হয়েছে। ভারতের বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, দুই দেশের অসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সরাসরি বিমান পরিষেবা পুনরায় চালু করার এবং একটি সংশোধিত বিমান পরিষেবা চুক্তির বিষয়ে প্রযুক্তিগত পর্যায়ে আলোচনা করছে। ভারত ও চীনের মধ্যে সম্পর্ক ধীরে ধীরে স্বাভাবিক করার লক্ষ্যে সরকারের ভাবনার অংশ হিসেবে চলতি বছরের শুরু থেকে তা করা হচ্ছে। আন্তর্জাতিক বিষয়ক মন্ত্রক জানিয়েছে, অসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এই চুক্তি ভারত ও চীনের মানুষের মধ্যে যোগাযোগকে আরও সহজতর করবে, দ্বিপাক্ষিক বিনিময়কেও ধীরে ধীরে স্বাভাবিক করার ক্ষেত্রে অবদান রাখবে।

************************************

**Special Campaign 5.0:**

প্রশাসনিক সংস্কার ও জনঅভিযোগ বিভাগের পঞ্চম পর্যায়ের বিশেষ অভিযানের জন্য গতকাল বিভিন্ন মন্ত্রক ও বিভাগ ব্যাপক প্রস্তুতি নিয়েছিল।এই অভিযানের লক্ষ্য দক্ষতা উন্নয়ন, প্রক্রিয়া সহজ করা এবং নাগরিক-কেন্দ্রিক শাসনব্যবস্থা জোরদার করা। এর মাধ্যমে সমস্ত অফিসে পরিষ্কার-পরিচ্ছন্নতা, ফাইল ব্যবস্থাপনা, অভিযোগ প্রতিকার এবং ই-বর্জ্য নিষ্কাশনের উপরও জোর দেওয়া হচ্ছে।গতকাল থেকে শুরু হওয়া এই অভিযানটি এই মাসের ৩১ তারিখ পর্যন্ত পরিচালিত হবে।

***********************************

**NCH-GST :**

ন্যাশনাল কনজিউমার হেল্পলাইন (এনসিএইচ) পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার ২০২৫ বাস্তবায়নের পরিপ্রেক্ষিতে দ্বিতীয় পর্যায়ের জিএসটি সম্পর্কিত তিন হাজার নয়শোরও বেশি কল পেয়েছে। কেন্দ্রীয় ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবণ্টন মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, কলগুলির মধ্যে ৩১ শতাংশই প্রশ্ন সম্পর্কিত এবং ৬৯ শতাংশ অভিযোগ সম্পর্কিত। এতে আরও বলা হয়েছে, অভিযোগের বেশির ভাগ ক্ষেত্রেই কোন পণ্যগুলিতে জিএসটি হ্রাস পেয়েছে এবং কোনগুলিতে হয়নি সে সম্পর্কে ভুল ধারণা সম্পর্কিত।মন্ত্রক আরও জানিয়েছে, সিসিপিএ অভিযোগগুলি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং জিএসটি সংস্কারের সুবিধা প্রতিটি গ্রাহকের কাছে পৌঁছানোর নিশ্চয়তা দিচ্ছে।

****************************************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে জানিয়েছে, আজ আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কোথাও কোথাও দু`এক পশলা হালকা থেকে মাঝারি বজ্র-বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি সেলসিয়াস। ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ১৩.৬ মিলিমিটার |

******************

******************